



উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

উপজেলা পরিষদ  
চিলমারী, কুড়িগ্রাম।

স্মারক নং- ৪৬.৪৭.৪৯০৯.০০০.০২.০০৩.২১-৩৫(১০)

তারিখ: ০৫ পৌষ ১৪২৮  
২০ ডিসেম্বর ২০২১

সভার নোটিশ

আগামী ২৭ ডিসেম্বর ২০২১ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে কৃষি ও সেচ উন্নয়ন বিষয়ক স্ট্যাভিং কমিটির সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

  
২০১২/২১

(মোঃ নুরুল হোসাইন আজাদ)

ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ

ও

সভাপতি

কৃষি ও সেচ বিষয়ক স্ট্যাভিং কমিটি  
চিলমারী, কুড়িগ্রাম।

- ১। উপজেলা ..... কর্মকর্তা, চিলমারী, কুড়িগ্রাম।
- ২। চেয়ারম্যান ..... (সকল) ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।
- ৩। জনাব ..... চিলমারী, কুড়িগ্রাম।

অনুলিপি :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী, কুড়িগ্রাম।
- ৩। অফিস কপি।

কৃষি ও সেচ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ নূরুজ্জামান আজাদ  
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ  
চিলমারী, কুড়িগ্রাম।

স্থান : ভাইস চেয়ারম্যান মহোদয়ের কক্ষ, চিলমারী, কুড়িগ্রাম।

তারিখ ও সময় : ২৭ ডিসেম্বর ২০২১ ও দুপুর- ১১.০০ টায়

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ক্রমিক অনুযায়ী পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।

ক্রঃ নং.	সদস্যের নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ নূরুজ্জামান আজাদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিলমারী	সভাপতি	স্বাক্ষরিত/-
০২	চেয়ারম্যান, চিলমারী ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম	সদস্য	স্বাক্ষরিত/-
০৩	চেয়ারম্যান, রানীগঞ্জ ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম	সদস্য	স্বাক্ষরিত/-
০৪	চেয়ারম্যান, অষ্টমীরচর ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম	সদস্য	স্বাক্ষরিত/-
০৫	উপজেলা কৃষি অফিসার, চিলমারী, কুড়িগ্রাম	সদস্য-সচিব	স্বাক্ষরিত/-

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর কৃষি ও সেচ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার সকল কার্যক্রমের উপর বিস্তারিত ব্যাখ্যা করেন। কৃষি ও সেচ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সদস্যদের কার্যক্রম ও দায়িত্ব পালন সম্পর্কে আরও বেশি আন্তরিক হওয়ার পরামর্শ প্রদান করেন এবং কমিটির কার্যক্রম সফলতার সম্পর্কে মুক্ত আলোচনায় অংশগ্রহণের জন্য সকলকে আহ্বান জানান।

চেয়ারম্যান, রানীগঞ্জ ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম কৃষি ও সেচ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে তিনি জানান যে, অত্র উপজেলার কৃষি ও কৃষিজাত পণ্যের উৎপাদন আরও অধিকতর বৃদ্ধি করতে হবে। আমাদের এলাকার কৃষির গুরুত্ব বিবেচনা করে সেচ কার্যক্রম সংক্রান্ত নীতিমালা অনুসরণ পূর্বক যথাযথভাবে ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ প্রদান করেন।

চেয়ারম্যান, অষ্টমীরচর ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম কৃষি ও সেচ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে তিনি জানান যে, কৃষি ও সেচ কার্যক্রম আরও বেগবান করতে মাঠ পর্যায়ে কৃষি কর্মকর্তাদের গুরুত্ব দিতে হবে। স্থানীয়ভাবে কৃষকদের কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে এবং সচেতনতা বৃদ্ধি করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগের সুদৃষ্টি কামনা করেন।

উপজেলা কৃষি অফিসার, চিলমারী, কুড়িগ্রাম সভায় জানান যে, অত্র উপজেলার কৃষি গুরুত্ব বিবেচনা করে তার দপ্তর মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাগণকে দিক নির্দেশনা প্রদান করেছেন। এ উপজেলার কিছু এলাকার চরাঞ্চল ও নদী দ্বারা বেষ্টিত। এ কারণে মাঝে মাঝে কৃষক পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। অত্র উপজেলা কৃষির উৎপাদন স্বাভাবিক রয়েছে। উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

সভাপতি সভায় কৃষি ও সেচ বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে জানান যে, চিলমারী উপজেলায় কৃষি ও সেচ বিষয়ক সকল কার্যক্রমের দক্ষতা ও উৎপাদন বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট দপ্তরসহ ইউপি চেয়ারম্যানগণকে আরও বেশি আন্তরিক হওয়ার জন্য পরামর্শ প্রদান করেন। এ বিষয়ে যাতে কোন প্রকার বিঘ্ন না ঘটে সে বিষয়ে উপস্থিত সকলকে সচেতন থাকার পরামর্শ প্রদান করেন।



(মোঃ নূরুজ্জামান আজাদ)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ও

সভাপতি

কৃষি ও সেচ স্ট্যান্ডিং কমিটি

চিলমারী, কুড়িগ্রাম।


তারিখ: ১২ পৌষ ১৪২৮

২৭ ডিসেম্বর ২০২১

স্মারক নং- ৪৬.৪৭.৪৯০৯.০০০.০২.০০৩.২১-৩২(১০)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০২. উপ পরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
০৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।
০৪. উপজেলা নির্বাহী অফিসার, চিলমারী, কুড়িগ্রাম।
০৫. উপজেলা কৃষি অফিসার, চিলমারী, কুড়িগ্রাম।
০৬. চেয়ারম্যান, চিলমারী/রানীগঞ্জ /অষ্টমীরচর ইউনিয়ন পরিষদ, চিলমারী, কুড়িগ্রাম।
০৭. অফিস কপি।



ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ও সভাপতি

কৃষি ও সেচ স্ট্যান্ডিং কমিটি

চিলমারী, কুড়িগ্রাম।

